41

দৈনিক সংবাদ

তারিখ 16 FEB 1998
পৃষ্ঠা ২ কলাম ২

# ভর্তি ফরমের দাম কমানোর দাবিতে খুলনায় ছাত্রদের আন্দোলন

॥ মানিক সাহা ॥

খুলনা, ১৫ই ফেব্রুয়ারি। স্নাতক পাস ও সম্মান শ্রেণীর ভর্তি ফরমের মূল্য দশ গুণ বৃদ্ধি করার ফলে খুলনার সরকারি কলেজগুলোতে তীব্র ছাত্র আন্দোলন শুরু হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় ১০ টাকার ভর্তি ফরমের মূল্য ১০০ টাকা করায় ছাত্রদের মধ্যে মারাত্মক ক্ষোভের সৃষ্টি হয়। এরফলে গত ৮ই ফেব্রুয়ারি থেকে বিএল কলেজে ফরম বিক্রি বন্ধ রয়েছে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন খুলনা জেলা সংসদ, ভর্তি ফরমের মূল্য কমানোর দাবিতে গত শনিবার সকাল ১০টা থেকে বিএল কলেজের প্রশাসনিক ভবনের সামনে আমরণ অনশন কর্মসূচিতে অংশ নিয়েছে। সারাদিন বিভিন্ন ছাত্র সংগঠন, রাজনৈতিক দল ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন অনশনকারীদের সঙ্গে দেখা করে একাত্মতা প্রকাশ করে।

ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন সংগঠন ভর্তি ফরমের মূল্য কমানোর দাবিতে সভা-সমবেশ, মিছিল প্রভৃতি কর্মসূচি পালন করেছে। ছাত্ররা গত ১২ই ফেব্রুয়ারি খুলনায় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করে ভর্তি ফরমের মূল্য কমানোর দাবি জানায়। কিন্তু তিনি এ ব্যাপারে কিছু করতে পারবেন না বলে জানান।

একজন অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৫০ টাকা ফরমের মূল্য নির্ধারণ করেছিল। গত ২২শে জানুয়ারি অনুষ্ঠিত এক সভায় ফরমের মূল্য কমিয়ে ১০০ টাকা করা হয়।